

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০২৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৭. দুই কিংবা তিন রাক'আতে সন্দেহ হলে করণীয় কেউ বলেন, সন্দেহ পরিহার করবে

باب إِذَا شَكَّ فِي التِّنْتَيْنِ وَالتَّلَاثِ مَنْ قَالَ يُلْقِي الشَّكَّ

### আরবী

حَدَّ ثَنَا قُتَيْبَةُ، حَدَّ ثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْقَارِيُّ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، بِإِسْنَادِ مَالِكٍ قَالَ إِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " إِذَا شَكَّ أَحَدُكُمْ فِي صَلَاتِهِ فَإِنِ اسْتَيْقَنَ أَنْ قَدْ صَلَّتِهِ فَإِنِ اسْتَيْقَنَ أَنْ قَدْ صَلَّقَ ثَلَاتًا فَلْيَقُمْ فَلْيُتِمَّ رَكْعَةً بِسُجُودِهَا ثُمَّ يَجْلِسْ فَيَتَشَهَّدْ فَإِذَا فَرَغَ فَلَمْ يَبْقَ إِلَا أَنْ يُسَلِّمَ فَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ وَهُوَ جَالِسٌ ثُمَّ لْيُسَلِّمْ " . ثُمَّ ذَكَرَ مَعْنَى مَالِكٍ .

\_ صحیح : م

قَالَ أَبُو دَاوُدَ كَذَلِكَ رَوَاهُ ابْنُ وَهْبٍ عَنْ مَالِكٍ وَحَفْصِ بْنِ مَيْسَرَةَ وَدَاوُدَ بْنِ قَيْسٍ وَهِشَامٍ بْنِ سَعْدٍ إِلَا أَنَّ هِشَامًا بَلَغَ بِهِ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ

#### বাংলা

১০২৭। যায়িদ ইবনু আসলাম (রহঃ) ইমাম মালিক (রহঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন সালাতে সন্দিহান হয় এবং তার দৃঢ় বিশ্বাস হয় যে, সে তিন রাক'আত আদায় করেছে, তখন সে যেন (চতুর্থ রাক'আতের জন্য) দাঁড়িয়ে সিজদাসহ আরো এক রাক'আত পূর্ণ করে। সে তাশাহহুদে বসে তাশাহহুদ পাঠ শেষে দু'টি সিজদা করবে, অতঃপর সালাম ফিরাবে। এ পর্যন্ত বর্ণনা করার পর তিনি ইমাম মালিক (রহঃ) বর্ণিত হাদীস হুবহু বর্ণনা করেন।[1]

সহীহ: মুসলিম।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ইমাম মালিক, হাফস ইবনু মাইসারাহ, দাউদ ইবনু ক্বায়িস ও হিশাম ইবনু সা'দ (রহঃ) হতে ইবনু ওয়াহাব উপরোক্ত হাদীস হুবহু বর্ণনা করেছেন। কিন্তু হিশাম (রহঃ) হাদীসের সানাদকে আবূ সাঈদ আল-খুদরীর (রাঃ) সাথে যুক্ত করেছেন।



## **English**

Zaid b. Aslam reported on the authority of the chain of Malik:

The Prophet () said: If one of you is in doubt about his prayer, and if he is sure that he prayed three rak'ah, he should stand and complete one rak'ah along with its prostrations. Then he should sit and recite the tashahhud. When he finishes the prayer, and there remains nothing except salutation, he should make two prostrations while he is sitting and afterwards should give the salutation. The narrator then narrated the tradition similar to that of Malik.

Abu Dawud said: Similarly, this tradition has been narrated by Ibn Wahb from Malik, Hafs b. Maisarah, Dawud b. Qais and Hisham b. Sa'd. But Hisham projected it to Abu Sa'id al-Khudri.

## ফুটনোট

[1] পূর্বের (১০২৬ নং) হাদীস দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আসলাম (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন